গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.munshiganj.gov.bd

নম্বর: ০৫.৩০.৫৯০০.৪০৫.০৫.০০২.১৮.৯৬

তারিখ: ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে মুন্সীগঞ্জ জেলা সদর ও সদর উপজেলার নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে এসএসসি, এসএস সি (ভোকেশনাল) এবং দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. প্রে.প্র.ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসি: মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ
২. পঞ্চসার দারুসসুন্নাত ইসলামিয়া আলিম মাদ্রাসা
৩. আলবার্ট ভিক্টোরিয়া যতীন্দ্রমোহন গভ.গার্লস হাই স্কুল, মুন্সীগঞ্জ
৪. কাজী কমর উদ্দিন গভ. ইনস্টিটিউশন, মুন্সীগঞ্জ
৫. মুন্সীগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়, মুন্সীগঞ্জ
৬.মুন্সীগঞ্জ উচ্চ বিদ্যালয়, মুন্সীগঞ্জ
৭. বিনোদপুর রামকুমার উচ্চ বিদ্যালয়, মুন্সীগঞ্জ
৮. রিকাবী বাজার বালিকা উচ্চ বিদ্যালয়, মুন্সীগঞ্জ
৯. মুন্সীগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ

যেহেতু, আমার নিকট প্রতীয়মান হচ্ছে যে, উক্ত পরীক্ষা চলাকালে জনসাধারণের চলাচল সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরীক্ষা অনুষ্ঠানে ব্যাঘাত সৃষ্টি করতে পারে এবং উক্ত পরীক্ষা চলাকালে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অপরিহার্যতা রয়েছে।

সেহেতু, আমি মোঃ আবুজাফর রিপন বিপিএএ, জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ এ মর্মে আদেশ প্রদান করছি যে, ১৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখ পরীক্ষার দিন পরীক্ষা শুরু হওয়ার ০১ (এক) ঘন্টা পূর্ব থেকে পরীক্ষা শেষ হওয়ার ০১ (এক) ঘন্টা পর পর্যন্ত বর্ণিত কেন্দ্রসমূহে পরীক্ষা চলাকালে ২০০ (দুইশত) গজের মধ্যে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা জারী থাকবে। পরীক্ষার্থী, পরিদর্শক, অনুমোদিত কর্মকর্তা এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ব্যতীত অপর কোন ব্যক্তির অনুপ্রবেশ, কোন সমাবেশ, লাঠি বা অস্ত্র-সস্ত্র ইত্যাদি বহন এবং লাউড স্পিকার বা মাইক ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ মর্মে ঘোষনা করলাম।

এই আদেশ অদ্য আমার স্বাক্ষরে প্রদান করা হল।

১৩-০২-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা ম্যাজিস্ট্রেট
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৫৯০০.৪০৫.০৫.০০২.১৮.৯৬/১ (১১)

তারিখ: ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ;

২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ;

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ;

৪। অধ্যক্ষ,......................................................................................., মুন্সীগঞ্জ;

৫। উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর;

৬। জনাব.........................................................বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ;

৭। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ;

৮। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ (তাঁকে এ আদেশ মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল);

৯। অফিসার ইন-চার্জ, মুন্সীগঞ্জ থানা;

১০। প্রধান শিক্ষক............................................................, মুন্সীগঞ্জ এবং

১১। অফিস কপি।



১৩-০২-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা ম্যাজিস্ট্রেট